গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

## বাংলা ১৪৩৩-১৪৩৫ সনের "২০ (একর) পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাহারোল উপজেলাধীন বদ্ধ জলাশয়/জলমহাল/পুকুর (২০ একর পর্যন্ত) বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি: (০৮ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ) ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৩.২৫.৭০৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd ওয়েবসাইট (website) এ প্রবেশ করে অনলাইনে (online) আবেদন পূরণ পূর্বক আবেদনের মূল কপিসহ সীলমোহরকৃত ইজারা আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-( পাঁচশত টাকা) মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরত যোগ্য) জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস, কাহারোল, দিনাজপুরে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচিমোতাবেক আবেদন দাখিল করা যাবে।

ক্যালেন্ডার/ সময়সূচি

| অনলাইনে (online) দরপত্র আবেদনের তারিখ ও সময় | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে দাখিলের স্থান, তারিখ ও সময় |
|---|---|
| ১৫/০১/২০২৬ খ্রি: ( ০১ মাঘ) হতে ২৯/০১/২০২৬ খ্রি: ( ১৫ মাঘ) এর মধ্যে।<br>( সকাল ১০ ঘটিকা হতে বিকাল ০৫ ঘটিকা পর্যন্ত) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুর।<br>০১/০২/২০২৬ (১৮ মাঘ) হতে ০৩/০২/২০২৬ ইং<br>( ২০ মাঘ) ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে।<br>( সকাল ১০ ঘটিকা হতে দুপুর ০১ ঘটিকা পর্যন্ত) |

শর্তাবলিঃ

১। সকল সরকারি বদ্ধ খাস জলমহাল ১৪৩৩-১৪৩৫ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর পর্যন্ত ইজারা প্রদান করা হবে।

২। বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে। উল্লেখ্য সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে ইজারা দেওয়া হবে না।

৩। সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন এবং উক্তরূপ সমিতি পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বর্ণিত ব্যাক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতি (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার সন্তান, (গ) যুব মহিলা (ঘ) বিধবা স্বামী পরিত্যাক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যাক্তি (তবে কোন পরিবার হতে একাধিক ব্যাক্তি এ সমিতির সদস্য হতে পারবেন না) আবেদন করতে পারবে। উল্লেখ্য, প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বাদে যে সকল নিবন্ধনকৃত সমিতি দরপত্র জমা দিবেন, সে সকল সমিতিকে পুকুর ইজারা দেওয়া পুকুর ইজারা কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত।

৪। জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠনকে ক্রয়কৃত নির্ধারিত ফরমে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি,গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর সত্যায়িত ছবি ০১(কপি) সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন /সমিতি ০৩ (তিন) বছর মেয়াদি ইজারা পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন ও সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৬। প্রতিটি দরপত্র খামের উপর জলমহালের নাম, বিবরণ ও মৎস্যজীবী সমিতি/সংগঠনের নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বেনামে/ভুয়া/তঞ্চকতাপূর্ণভাবে কোন সমিতি/সংগঠনের নাম ব্যবহার করে দরপত্র দাখিল করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত সমিতির দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন-এ যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নয়, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং সাথে বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না। সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসক কর্তৃক প্রত্যয়নপত্র লাগবে।

৮। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর এর অনুকূলে **সরকারি মূল্যের (তিন বছরের ইজারা মূল্যের) ২০% (বিশ) অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিমিটেড হতে ব্যাংক ড্রাফট (বিডি)/পে-অর্ডার করে, ব্যাংক ড্রাফট (বিডি)/পে-অর্ডার কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।** ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট (বিডি)/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৯। দরপত্রের সাথে সংযুক্ত প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি, সনদ প্রদানকারী বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০। দরপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, কাহারোল দিনাজপুর এর নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে। ইজারা মূল্যের সমুদয় অর্থ সরকারের জলমহাল ইজারার জমার খাত ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে এবং ইজারা মূল্যের উপর আয়কর বাবদ ১০% অর্থ ১১১১১০১ নম্বর এবং ভ্যাট বাবদ ১৫% অর্থ ১১৪১১০১ নম্বর কোডে পত্রে উল্লেখিত সময়ের মধ্যে জমা দিয়ে চালানের মূলকপি উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল এর কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনঃ ইজারা প্রদান করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাদাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯০ মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে দরপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১৩। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবেন না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১৪। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৫। ইজারা গ্রহীতা কোন জলাশয়ে সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি উপরিউক্ত কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলাশয় পুনঃ ইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ওই ইজারা গ্রহীতা/সমিতি ৩ (তিন) বছরের মধ্যে অপর কোন জলমহাল ইজারার আবেদন করতে পারবেন না।

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না।

১৮। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১৯। ইজারা কার্যক্রম গ্রহণের পরেও সরকার কর্তৃক কোন পরিপত্র বা আদেশ প্রদান করা হলে তা কার্যকর করা হবে।

২০। ইজারাকালীন সময়ে সরকার কর্তৃক নতুন কোন কর আরোপ করা হলে ইজারা গ্রহীতা তা বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

২১। জলমহালের ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলাশয়ের দখল সহকারী কমিশনার (ভূমি) বরাবরে হস্তান্তর করতে হবে। দখল হস্তান্তের জন্য আলাদা কোন নোটিশ করা হবে না।

২২। **যে সকল জলমহাল/পুকুরের বিপরীতে মামলা রয়েছে সে সকল মামলার সর্বশেষ নির্দেশনা সংশ্লিষ্ট পক্ষগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, কাহারোল, দিনাজপুর এ দাখিল করার জন্য বলা হলো।**

২৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল কিংবা গ্রহন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৪/০১/২০২৬

মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাহারোল, দিনাজপুর।

<u>বাংলা ১৪৩৩- ১৪৩৫ সনের জলমহালের ইজারাযোগ্য জলমহালের তালিকা</u>

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফশীল | | | গত তিন বছরের গড় মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারা মূল্য | তিন বছরের মূল্য ( ১৪৩৩-১৪৩৫) | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | পরিমাণ ( একরে) | | | | | |
| ০১ | ডাবর | খেড়ীহাড়ী পুকুর | সৈয়দপুর | ৫৬৩ | ০.৭৭ | ২৫,৮৩৪/- | ২৭,১২৬/- | ৮১,৩৭৮/- | ৫০০/- | |
| ০২ | ডাবর | গড়গড়িয়া পুকুর | ডাবর | ১৮৬৫ | ০.৪১ | ৩,৬১৮/- | ৩,৭৯৯/- | ১১,৩৯৭/- | ৫০০/- | |
| ০৩ | ডাবর | ধুকুর খুড়া পুকুর | ডুডিয়া | ৪০ | ০.৪৯ | ১০,৬৬৭/- | ১১,২০১/- | ৩৩,৬০৩/- | ৫০০/- | |
| ০৪ | ডাবর | তেলিহাড়ী পুকুর | ডুডিয়া | ২৩৬ | ০.১৫ | ৩,৪৭২/- | ৩,৬৪৬/- | ১০,৯৩৮/- | ৫০০/- | |
| ০৫ | ডাবর | চারাখুড়া পুকুর | ডুডিয়া | ৩৪০ | ০.৩০ | ৫,৯৫৪/- | ৬,২৫২/- | ১৮,৭৫৬/- | ৫০০/- | |
| ০৬ | ডাবর | তাতিহাড়ী পুকুর | তেলিয়ান | ৬৮ | ০.৫৪ | ৪,৪১০/- | ৪,৬৩১/- | ১৩,৮৯৩/- | ৫০০/- | |
| ০৭ | ডাবর | টাংনাহার পুকুর | ঘাসিয়ারা | ২৩৬ | ০.৩৬ | ৪,২২২/- | ৪,৪৩৪/- | ১৩,৩০২/- | ৫০০/- | |
| ০৮ | ডাবর | হাড়িপুকুর পুকুর | ঘাসিয়ারা | ৪৮২ | ০.৫৬ | ৪,২৫২/- | ৪,৪৬৬/- | ১৩,৩৯৮/- | ৫০০/- | |
| ০৯ | ডাবর | মাটিহাড়ী পুকুর | সান্দ্রাই | ৩০৯ | ০.৩৬ | ৪,৯৬১/- | ৫,২১১/- | ১৫,৬৩৩/- | ৫০০/- | |
| ১০ | ডাবর | সুলিহাড়ী পুকুর | সান্দ্রাই | ৩১৬ | ০.৪০ | ৫,৭৮৭/- | ৬,০৭৭/- | ১৮,২৩১/- | ৫০০/- | |
| ১১ | ডাবর | কচাহারপুকুর পুকুর | ভাচল | ২০৩ | ০.২৩ | ৩,৪৭২/- | ৩,৬৪৬/- | ১০,৯৩৮/- | ৫০০/- | |
| ১২ | ডাবর | নলপুখরা পুকুর | কাকর | ৩৯ | ০.৩৯ | ৪,৬৩১/- | ৪,৮৬৩/- | ১৪,৫৮৯/- | ৫০০/- | |
| ১৩ | ডাবর | গোবর নেধরা পুকুর | কাকর | ৫৬৩ | ০.৩২ | ৬,০০০/- | ৬,৩০০/- | ১৮,৯০০/- | ৫০০/- | |
| ১৪ | ডাবর | মেঘাজলী পুকুর | কাকর | ৫৯৮ | ০.৭৯ | ১৩,৮৩৪/- | ১৪,৫২৯/- | ৪৩,৫৮৭/- | ৫০০/- | |
| ১৫ | ডাবর | কালখেতর পুকুর | কাকর | ৬৯১ | ০.৬৮ | ১৫,৫০০/- | ১৬,২৭৫/- | ৪৮,৮২৫/- | ৫০০/- | |
| ১৬ | ডাবর | মাটিয়া পুকুর | কোর্টগাঁও | <u>৭০১</u> ৮০২ | ০.২২ | ২,৮৯৪/- | ৩,০৩৯/- | ৯,১১৭/- | ৫০০/- | |
| ১৭ | মুকুন্দপুর | ইটা খোলা পুকুর | মুকুন্দপুর | ১৪৯৯ | ১.৪০ | ৮,১০৪/- | ৮,৫১০/- | ২৫,৫৩০/- | ৫০০/- | |
| ১৮ | মুকুন্দপুর | দামুয়া পুকুর | পৌরিয়া | ২৫৩ | ১.৩৯ | ২,৫৫১/- | ২,৭৩৫/- | ৮,২০৫/- | ৫০০/- | |
| ১৯ | মুকুন্দপুর | দলুয়া পুকুর | লক্ষিপুর ও পানিশাইল | ২১৪,৬ | ১.০০ | ১৭,৮৭৫/- | ১৮,৭৬৯/- | ৫৬,৩০৭/- | ৫০০/- | |
| ২০ | মুকুন্দপুর | পাইকপাড়া পুকুর | পাইকপাড়া | ২০৬ | ১.৬১ | ৩০,৩৮৯/- | ৩১,৯০৯/- | ৯৫,৭২৭/- | ৫০০/- | |
| ২১ | মুকুন্দপুর | রাশিয়ার পুকুর | মহদীপুর | ৭৮৩ | ১.২৫ | ১,৫৭৫/- | ১,৬৫৪/- | ৪,৯৬২/- | ৫০০/- | |
| ২২ | মুকুন্দপুর | সিংড়া পুকুর | জগন্নাথপুর | ৪৩৯ | ০.৬০ | ৬,০৫০/- | ৬,৩৫৫/- | ১৯,০৬৫/- | ৫০০/- | |
| ২৩ | মুকুন্দপুর | কন্যাডুবি | মুকুন্দপুর | ১৫৮৮ | ০.৭০ | ৭,৭১৮/- | ৮,১০৪/- | ২৪,৩১২/- | ৫০০/- | |

# বাংলা ১৪৩৩- ১৪৩৫ সনের জলমহালের ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফশীল | | | গত তিন বছরের গড় মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারা মূল্য | তিন বছরের মূল্য (১৪৩৩-১৪৩৫) | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | পরিমাণ ( একরে) | | | | | |
| ২৪ | সুন্দরপুর | বড়াইদিঘি | গড়নুরপুর | ১৩৩৫ | ১.৬০ | ৩৮,৬৬৭/- | ৪০,৬০১/- | ১,২১,৮০৩/- | ৫০০/- | |
| ২৫ | সুন্দরপুর | খাড়া পুকুর | পূর্ব সাদিপুর | ৭৩৪ | ০.৫২ | ৫,৬০০/- | ৫,৮৮০/- | ১৭,৬৪০/- | ৫০০/- | |
| ২৬ | রসুলপুর | ঝাড়ুয়া পুকুর | কামইর | ২১১ | ১.৪৪ | ৬৬,৬৬৭/- | ৭০,০০১/- | ২,১০,০০৩/- | ৫০০/- | |
| ২৭ | রুসুলপুর | বড় চৌধুরানী পুকুর | রসুলপুর | ৫৮৭ | ০.৪১ | ৬,৩০০/- | ৬,৬৫০/- | ১৯,৯৫০/- | ৫০০/- | |
| ২৮ | রুসুলপুর | ডুলি পুকুর | ভরন্ডা | ৩৬ | ১.৯৫ | ৫৬,৩৩৪/- | ৫৯,১৫১/- | ১,৭৭,৪৫৩/- | ৫০০/- | |
| ২৯ | রসুলপুর | বলেয়া পুকুর | বলেয়া | ৩৩১ | ০.৩৬ | ১,৭৩৫/- | ১,৮২৩/- | ৫,৪৬৯/- | ৫০০/- | |
| ৩০ | রসুলপুর | বাগদোগড়া | বেড়গাঁও | ৯৬৬ | ০.৬২ | ৮,৮৪১/- | ৯,২৮৩/- | ২৭,৮৪৯/- | ৫০০/- | |
| ৩১ | রসুলপুর | খাড়পুকুর | তরলা | ৩০৮ | ০.২৪ | ৩,০৩৬/- | ৩,২৫৪/- | ৯,৭৬২/- | ৫০০/- | |
| ৩২ | রসুলপুর | পাড়ীপুকুর | খোশালপুর | ৫৬০<br>৫৬৫ | ০.২৫<br>০.১৪ | ৩,০৩৬/- | ৩,২৫৪/- | ৯,৭৬২/- | ৫০০/- | |
| ৩৩ | রসুলপুর | শান্তিকুড়া | সুন্দরবন | ২৯৬ | ০.৪২ | ২,৪২৫/- | ২,৬২৫/- | ৭,৮৭৫/- | ৫০০/- | |
| ৩৪ | রসুলপুর | মিঠাপুকুর | সুন্দরবন | ১৯৮ | ০.১৫ | ১,২১২/- | ১,২৯৮/- | ৩,৭৯৪/- | ৫০০/- | |
| ৩৫ | রসুলপুর | বরইকুড়ি | হাসুয়া | ৪১৩ | ০.৫৯ | ৩,৮৫৮/- | ৪,০৫১/- | ১২,১৫৩/- | ৫০০/- | |
| ৩৬ | রসুলপুর | বেল পুকুর | রুসুলপুর | ৮১০ | ১.৩৩ | ১৬,৬৬৭/- | ১৭,৫০২/- | ৫২,৫০৬/- | ৫০০/- | |
| ৩৭ | রসুলপুর | বজরীকুড়া পুকুর | বেড়গাঁও | ৬০০ | ০.৩৬ | ২,৩১৫/- | ২,৪৩১/- | ৭,২৯৩/- | ৫০০/- | |
| ৩৮ | রসুলপুর | গেউরিহার পুকুর | বেড়গাঁও | ৯৬১ | ২.০৭ | ৩৩,৩৩৪/- | ৩৫,০০১/- | ১,০৫,০০৩/- | ৫০০/- | |
| ৩৯ | রসুলপুর | এনিহারি পুকুর | বেড়গাঁও | ৫৭৯ | ০.৫০ | ৫,১৩৫/- | ৫,৪৯৫/- | ১৬,৪৮৫/- | ৫০০/- | |
| ৪০ | রসুলপুর | শিবপখরা | বাহারপুর | ৩৬২ | ০.৩০ | ৩,০৮৭/- | ৩,২৮৭/- | ৯,৮৬১/- | ৫০০/- | |
| ৪১ | রসুলপুর | ডুমুর পুকুর | হাসুয়া | ৪৩ | ০.৩৯ | ৩,৩৫০/- | ৩,৫১৮/- | ১০,৫৫৪/- | ৫০০/- | |
| ৪২ | তারগাঁও | বালা পুকুর | তারগাঁও | ৫০১ | ০.৩২ | ৩,৩০৮/- | ৩,৪৭৪/- | ১০,৪২২/- | ৫০০/- | |

# বাংলা ১৪৩৩-১৪৩৫ সনের জলমহালের ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফশীল | | | গত তিন বছরের গড় মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারা মূল্য | তিন বছরের মূল্য (১৪৩৩-১৪৩৫) | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | পরিমাণ ( একরে) | | | | | |
| ৪৩ | তারগাঁও | সলাহার | তারাপুর | ২০১ | ০.৫৫ | ৫,৮০০/- | ৬,০৯০/- | ১৮,২৭০/- | ৫০০/- | |
| ৪৪ | তারগাঁও | বালা পুকুর | হাটিয়ারী | ২৬৭ | ০.৩৯ | ৫,৭৮৮/- | ৬,০৭৮/- | ১৮,২৩৪/- | ৫০০/- | |
| ৪৫ | তারগাঁও | পয়াকুড়ি পুকুর | সাহাপুর | ৩৫৭ | ০.১৯ | ৩,০৩২/- | ৩,১৮৪/- | ৯,৫৫২/- | ৫০০/- | |
| ৪৬ | তারগাঁও | নিম পুকুর | সাহাপুর | ৮৭৩ | ০.৭০ | ৩৬৭৫/- | ৩,৮৫৯/- | ১১,৫৭৭/- | ৫০০/- | |
| ৪৭ | তারগাঁও | বুড়িপুকুর | পানিগাঁও | ৩১৫ | ০.২৭ | ৩,৮২২/- | ৪,০১৩/- | ১২,০৩৯/- | ৫০০/- | |
| ৪৮ | তারগাঁও | দদরিপুকুর | ইছাইল | ৬২৫ | ০.৪৪ | ৫,৫১২/- | ৫,৭৮৮/- | ১৭,৩৬৪/- | ৫০০/- | |
| ৪৯ | তারগাঁও | বেনিহারি পুকুর | সিঙ্গারীগাঁও | ৫৮ | ১.১৯ | ৪৫,৫৬৫/- | ৪৮,০০১/- | ১,৪৪,০০৩/- | ৫০০/- | |
| ৫০ | তারগাঁও | ধোপাহার পুকুর | সিঙ্গারীগাঁও | ৭৪ | ২.০৫ | ১৭,০০০/- | ১৭,৮৫০/- | ৫৩,৩৫০/- | ৫০০/- | |
| ৫১ | তারগাঁও | পাঁচগচিয়া পুকুর | বড় বামন দেওড়া | ১২৯ | ০.৫২ | ১৫,০০০/- | ১৫,৭৫০/- | ৪৭,২৫০/- | ৫০০/- | |
| ৫২ | তারগাঁও | কানাহার পুকুর | পশ্চিম সুলতানপুর | ৩১৮ | ০.৪৬ | ২,৮৫০/- | ২,৯৯৪/- | ৮,৯৮২/- | ৫০০/- | |
| ৫৩ | তারগাঁও | ছানাহার পুকুর | নিরমইল | ৮৩ | ১.৫০ | ১৮,৭৪০/- | ১৯,৬৭৭/- | ৫৯,০৩১/- | ৫০০/- | |
| ৫৪ | তারগাঁও | ছোট সুবাহার পুকুর | নিরমইল | ৪৩ | ০.৮৩ | ৬,৫০০/- | ৬,৮২৫/- | ২০,৪৭৫/- | ৫০০/- | |
| ৫৫ | তারগাঁও | হাড়ি পুকুর | নিরমইল | ৩০০ | ০.৮২ | ৪,০০০/- | ৪,২০০/- | ১২,৬০০/- | ৫০০/- | |
| ৫৬ | তারগাঁও | তাল পুকুর | বোগদইড় | ৩৫৫ | ০.৪২ | ৪,০০০/- | ৪,২০০/- | ১২,৬০০/- | ৫০০/- | |
| ৫৭ | তারগাঁও | কৈল্যানকুড়ি পুকুর | সুন্দরপুকুর | ১০২৪ | ০.৪৭ | ৪,৮০০/- | ৫,০৪০/- | ১৫,১২০/- | ৫০০/- | |
| ৫৮ | তারগাঁও | তেলিহারি পুকুর | বাখর খুরিয়া | ১৯১ | ১.৮৩ | ১৭,০০০/- | ১৭,৮৫০/- | ৫৩,৫৫০/- | ৫০০/- | |
| ৫৯ | তারগাঁও | তায়াটিয়া পুকুর | উতরাইন | ১৮২ | ০.৩০ | ৩,৬৬০/- | ৩,৮৪৩/- | ১১,৫২৯/- | ৫০০/- | |
| ৬০ | তারগাঁও | তালপুকুর | উতরাইন | ২৪৮ | ০.৩৬ | ২,৬৭৩/- | ২,৮০৭/- | ৮,৪২১/- | ৫০০/- | |
| ৬১ | তারগাঁও | বালাপুকুর | উতরাইন | ৫০ | ০.৩৪ | ৬,৪৪২/- | ৬,৭৬৫/- | ২০,২৯৫/- | ৫০০/- | |
| ৬২ | তারগাঁও | মতিকুড়া পুকুর | হাটিয়ারী | ১৪০ | ০.২৯ | ৩,১৭৬/- | ৩,৪৭৫/- | ১০,৪২৫/- | ৫০০/- | |

## বাংলা ১৪৩৩- ১৪৩৫ সনের জলমহালের ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | তফশীল | | | গত তিন বছরের গড় মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারা মূল্য | তিন বছরের মূল্য (১৪৩৩-১৪৩৫) | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | পরিমাণ ( একরে) | | | | | |
| ৬৩ | তারগাঁও | বাঘ ডগরা পুকুর | সাহাপুর | ২৪৫ | ০.২৩ | ২,২০০/- | ২,৩০০/- | ৬,৯০০/- | ৫০০/- | |
| ৬৪ | তারগাঁও | ননডরা পুকুর | সাহাপুর | ৬২৯ | ০.২৬ | ২,৩০০/- | ২,৪৬০/- | ৭,৩৮০/- | ৫০০/- | |
| ৬৫ | তারগাঁও | হাড়িপুরা পুকুর | সাহাপুর | ৬৩৫ | ০.১৯ | ২,৪০০/- | ২,৫২০/- | ৭,৫৬০/- | ৫০০/- | |
| ৬৬ | তারগাঁও | বুলিয়া পুকুর | রণগাঁও | ৩৪৮ | ০.২২ | ২,৪০০/- | ২,৫২০/- | ৭,৫৬০/- | ৫০০/- | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নম্বর- ০৫.৫৫.২৭৫৬.০০০.০৬.০০১.২০.১৮(২০) তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতির জন্য:

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
৪। সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর।
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল)........................ইউনিয়ন ভূমি অফিস, কাহারোল, দিনাজপুর।
৬। চেয়ারম্যান, (সকল)............................................ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর।

তাকে তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ স্থানীয় হাট-বাজার ও অন্যান্য জনাকীর্ণ এলাকায় ঢোল-শহরত মাইকিং করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৭। জনাব ..........................................................................................কাহারোল, দিনাজপুর।

৮। অফিস কপি।

০৪/০১/২০২৬
মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাহারোল, দিনাজপুর